

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৩.১৬-

তারিখ-----।

আদেশ

যেহেতু, জনাব মোঃ এরফানুল হক, ক্রেডিট সুপারভাইজার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর দোহার, ঢাকা-এর বিরুদ্ধে নিজ কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থান না করে অননুমোদিতভাবে প্রায় প্রতিদিনই অধিদপ্তরের প্রধান কার্যালয়ে আগমন, বিভিন্ন কর্মকর্তার সাথে ঔদ্ধত্যপূর্ণভাবে আচরণ, ঢাকা বিভাগীয় “যুবকর্ম ও আত্মকর্মসংস্থান কর্মসূচি মূল্যায়ন ও প্রশিক্ষণ” বিষয়ক আঞ্চলিক কর্মশালায় অনুপস্থিতি, ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়া এবং ঋণের কিস্তি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আত্মসাতের অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধান মতে অত্র দপ্তরের ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে ১৮১ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তিনি স্ট্রোকে আক্রান্ত রোগী হিসেবে কথা বলতে অসুবিধা হওয়ায় লিখিত বক্তব্য দাখিল করেন। লিখিত বক্তব্যে তিনি প্রধান কার্যালয়ের উপ-পরিচালক(প্রশিক্ষণ)-এর কক্ষে কর্মচারী নেতৃবৃন্দের সাথে প্রবেশের কথা স্বীকার করলেও তার সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেননি বলে জানান। এছাড়া অসুস্থতার কারণে গাজীপুরে অনুষ্ঠিত বিভাগীয় কর্মশালায় অংশগ্রহণ করতে পারেননি বলে জানান। ব্রেন স্ট্রোকে আক্রান্ত হওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ সম্ভব হয়নি বলে জানান। যুব ঋণের ৫,০০০/- টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা দিয়েছেন মর্মে উল্লেখ করেন। অনিচ্ছাকৃত ভুলত্রুটির জন্য ক্ষমা চান। শুনানীকালে অফিস শৃঙ্খলার পরিপন্থি কোন কাজ যাতে তার দ্বারা না ঘটে সে জন্য তাকে মৌখিকভাবে সতর্ক করা হয়েছে;

০৩। যেহেতু, বিভাগীয় মামলায় তার লিখিত জবাব, শুনানীকালীন বক্তব্য, নথি পর্যালোচনা এবং অফিসের সুষ্ঠু কর্মপরিবেশ বজায় রাখার স্বার্থে সকল দিক বিবেচনায় তাকে চলমান এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) সেহেতু, এ্ষক্ষে জনাব মোঃ এরফানুল হক, ক্রেডিট সুপারভাইজার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর দোহার, ঢাকা-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৩.১৬-৩৩

তারিখ-০৬-০২-২০১৭।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দোহার, ঢাকা।
- ০৬। জনাব মোঃ এরফানুল হক, ক্রেডিট সুপারভাইজার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর দোহার, ঢাকা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি।


(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯